

দুটো শ্লোগানকে আমি অন্তরে ধারণ করি। (ক) কারিগরি শিক্ষা নিন, বদলে যাবে আপনার দিন। (খ) কারিগরি শিক্ষা নিলে, বিশ্বজুড়ে কর্ম মিলে। আমাদের দেশের অর্থনৈতিক সমৃদ্ধির জন্য বর্তমানে কারিগরি শিক্ষার কোন বিকল্প নেই। প্রতি বছর দেশে বাইশ লক্ষ যুবক-যুবতী শ্রম বাজারে প্রবেশ করে। কিন্তু দুর্ভাগ্যজনক যে, খুব কম সংখ্যক যুবক-যুবতীই কর্মসংস্থানের সুযোগ পেয়ে থাকে। আমরা যদি শিল্পোন্নত দেশগুলোর(জাপান,চীন, তাইওয়ান, সিঙ্গাপুর, মালেশিয়া) দিকে তাকাই তাহলেই দেখতে পাবো যে, তাদের এই উন্নয়ন ঘটেছে শিল্প-কারখানা গড়ে তোলা এবং দেশের যুব সমাজকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার মাধ্যমে।বাংলাদেশে আগামী কয়েক বছরে ১০০ টি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করা হবে(কাজ শুরু হয়ে গেছে)। ঐ অঞ্চল সমূহে লক্ষাধিক শিল্প কারখানা স্থাপিত হবে এবং ঐ সব শিল্প কারখানায় আমার জানা মতে এক কোটি সাতাশ লক্ষ লোকের কর্মসংস্থান হবে।আর ঐ সব শিল্প কারখানার উৎপাদন শাখায় সিংহভাগই কারিগরি বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত ও দক্ষ জনশক্তির প্রয়োজন হবে। আমাদের দেশের ছেলে-মেয়েরা যদি কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত হয়ে নিজেদের দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করতে পারে তবে তারা দেশে-বিদেশে কর্মসংস্থানের সুযোগ পাবে, আত্মকর্মসংস্থানের মাধ্যমেও নিজেদের প্রতিষ্ঠিত করতে পারবে।

তাই এদেশের জনগনের প্রতি আমার বিনীত অনুরোধ, আপনাদের সন্তানদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত করুন, তাদেরকে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তুলুন এবং দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধনে কার্যকর ভূমিকা রাখুন।

=====

I hold two slogans in my heart. (A) Take technical education, your day will change. (B) If technical education is taken, work is done all over the world. At present, there is no alternative to technical education for the economic prosperity of our country. Every year, 22 lakh young men and women enter the labor market in the country. But it is unfortunate that very few young people get employment opportunities. If we look at the industrialized countries (Japan, China, Taiwan, Singapore, Malaysia) we can see that their development has taken place by building industries and transforming the country's youth into skilled human resources. 100 economic zones in Bangladesh in the next few years Will be established (work has started). More than one lakh industrial factories will be set up in those areas and as far as I know, one crore and twenty seven lakh people will be employed in those industrial factories. If the boys and girls of our country can transform themselves into skilled human resources by being educated in technical and vocational education, they will get employment opportunities at home and abroad, and will also be able to establish themselves through self-employment.

Therefore, my humble request to the people of this country is to educate your children in technical and vocational education, develop them as skilled human resources and play an effective role in improving the socio-economic condition of the country.